Human Resources Administration
Department of Social Services

# অভিবাসীদের জন্য HRA Public Benefits (এইচ আর এ পাব্লিক বেনিফিটস) সামাজিক গাইড




Bill de Blasio
Mayor

Human Resources Administration
Department of Social Services

Steven Banks
Commissioner


Facebook (ফেসবুকে)-এ আমাদের খুঁজে নিন

Twitter (টুইটারে)-এ আমাদের ফলো করুন

YouTube (ইউটিউবে)-এ আমাদের দেখুন


BRC-947(A)
Rev. 3/12



© স্বত্বাধিকার 2015, The City of New York, Human Resources Administration/Department of Social Services.
(সিটি অফ নিউ ইয়র্ক, হিউম্যান রিসোর্সেস অ্যাডমিনিস্ট্রেশন/ডিপার্টমেন্ট অফ সোশাল সার্ভিসেস)।
এই পাঠ্যবিষয় আংশিকভাবে বা সম্পূর্ণরূপে পুনঃপ্রস্তুত করার অনুমতির জন্য New York City Human Resources Administration
(নিউ ইয়র্ক সিটি হিউম্যান রিসোর্সেস অ্যাডমিনিস্ট্রেশনে) যোগাযোগ করুন।

# আরো তথ্যের জন্য

**নিম্নোক্ত উপায়ে যোগাযোগ করতে পারেন:**

- **HRA ওয়েবসাইট:** www.nyc.gov/hra
- **HRA ইনফোলাইন:** 718-557-1399
- **NYC 311**
- **ACCESS NYC:** www.nyc.gov/ACCESSNYC
  (বেনিফিটের স্ক্রিনিং করা ও আবেদন- ইংরেজি, স্প্যানিশ, রুশ, চীনা, আরবি, হাইতিয়ান-ক্রেয়ল ও কোরিয়ান ভাষায় পাওয়া যায়)
- **ল্যাঙ্গোয়েজ গেটওয়ে:** http://www.nyc.gov/html/lg/html/home/home.shtml
  (NYC কর্মসূচির তথ্যসম্ভার ইংরেজি, স্প্যানিশ, চীনা ও রুশভাষায়)
- **New York State Immigration Hotline (নিউ ইয়র্ক স্টেট ইমিগ্রেশন হটলাইন):** 212-419-3737

অনুগ্রহ করে জেনে রাখুন, এই নির্দেশিকার উদ্দেশ্য হল HRA প্রোগ্রামের বিষয়ে জনসাধারণকে মৌলিক তথ্য জানানো। HRA প্রোগ্রামের যোগ্যতা নির্ণয় করার জন্য নির্দেশিকায় দেওয়া নম্বর/ওয়েবসাইটের মাধ্যমে প্রোগ্রামে যোগাযোগ করুন।

## সন্তান লালনপালনে সহায়তা বলবত্ করা

যেসব মা বাবার কাছে সন্তানপালনের দায়িত্ব নেই (নন কাস্টোডিয়াল পেরেন্ট) তারা যাতে নিজের সন্তানের লালনপালনে সাহায্য করার জন্য অর্থপ্রদান করে, তা সুনিশ্চিত করে। এই পরিষেবায় নন কাস্টোডিয়াল মা বাবাকে খুঁজে বার করা, আদালতে উপস্থিত থাকার জন্য তাকে আইনী নোটিশ পাঠানো, পারিবারিক আদালতের (ফ্যামিলি কোর্টে) কাছে পিতৃত্ব নির্ণয় করা, সন্তানকে সাহায্য করা (চাইল্ড সাপোর্ট), চিকিত্সায় সাহায্য করার আদেশ চাওয়া, এইসব আদেশ সংগ্রহ ও কার্যত বলবত করা অন্তর্ভুক্ত। দরিদ্রতা দূরীকরণের কর্মসূচি পরিবারগুলিকে আর্থিকভাবে স্বাধীন রাখতে সাহায্য করতে পারে ও অন্যান্য সাহায্যের প্রয়োজন কম করতে পারে।

### যোগ্যতার শর্ত

- যোগ্য হওয়ার জন্য কোন নাগরিকতা/অভিবাসন পরিস্থিতির প্রয়োজন নেই।
- যোগ্যতার জন্য উপার্জনের কোন শর্ত নেই।
- আরো জানতে 311 বা HRA ইনফোলাইন 718-557-1399-এ বা NYS Child Support Hotline (এন ওয়াই এস চাইল্ড সাপোর্ট হটলাইন) 1-888-208-4485 -তে ফোন করুন বা www.nyc.gov/hra ও www.newyorkchildsupport.com দেখুন

## হোম এনার্জি অ্যাসিস্টেন্স প্রোগ্রাম এবং ইউটিলিটি অ্যাসিস্টেন্স প্রোগ্রাম

নিম্ন আয়ের বাড়ির মালিক ও ভাড়াটেদের উত্তাপের ইন্ধন, সরঞ্জাম ও মেরামতের বিল ভরতে সাহায্য করে। যেসব পরিবার ও একক ব্যক্তি বয়স্ক, অন্ধ, প্রতিবন্ধী, মানসিকভাবে অক্ষম বা যারা অবহেলিত ও বিপজ্জনক পরিবেশে বসবাস করছেন ও এনার্জি (ইন্ধনের) বিলে অর্থসাহায্য প্রয়োজন তাদের সাহায্য করে।

- যারা ইউ.এস নাগরিক বা যাদের বিশেষ কয়েকটি অভিবাসন পরিস্থিতি আছে তারা যোগ্য হতে পারেন।
- এই যোগ্যতা উপার্জনের উপর নির্ভর করে।
- HEAP (এইচ ই এ পি ) হটলাইন 1-800-692-0557
- HEAT LINE (হীট লাইন) (হোমবাউন্ড সার্ভিস) 212-331-3150
- জনসুবিধা সেবায় সাহায্য: জল, বিদ্যুত ইত্যাদির মত প্রয়োজনীয় সুবিধা অর্থাত্ ইউটিলিটি কোম্পানি সব ক্লায়েন্টের সুপারিশ করে।

## কবর দেওয়ায় সাহায্য

New York City র বাসিন্দাদের যে শেষকৃত্যে $১৭০০ ($1700)-এর বেশী খরচ হয় না তেমন শেষকৃত্যের খরচবহন করতে HRA $৯০০ ($900)পর্যন্ত অর্থসাহায্য দিতে পারে। এই অর্থসাহায্যে দাহ করার পরে ভস্ম মাটিতে সমাহিত করাও অন্তর্ভুক্ত।

- কেসবিশেষে যোগ্যতা নির্ণয় করা হয় ও নানা কারণের ভিত্তিতে বিচার করা হয়।
- মৃত্যুর ৬০ দিনের মধ্যে এই সব দাবি জমা করতে হয়। বেশীর ভাগ ক্ষেত্রে ব্যক্তির সাথে এ বিষয়ে সাক্ষাত্কারের প্রয়োজন হয়।
- আরো তথ্যের জন্য HRA -র Burial Claims Unit (বেরিয়াল ক্লেমস ইউনিটে) 718-473-8310এ যোগাযোগ করুন।



**অভিবাসনের পরিস্থিতি নির্বিশেষে, New York –এর বাসিন্দাদের জন্য**

# কি কি পরিষেবা পাওয়া যায়?

New York City (নিউ ইয়র্ক সিটি)-এর অনেক অভিবাসী বিবিধ প্রকারের পরিষেবা সদ্ব্যবহার করতে পারেন। অভিবাসনের পরিস্থিতি নির্বিশেষে New York City -এর বাসিন্দাদের জন্য যেসব পরিষেবা আছে সেগুলির বিষয়ে নিম্নোক্ত তালিকায় জানানো হয়েছে। HRA -এর মধ্যে কয়েকটা পরিষেবা দেয়, অন্যগুলি দেয় না। এছাড়া অভিবাসীদের জন্য উপলব্ধ এমন আরো কয়েকটি পরিষেবা থাকতে পারে যেগুলি এই পুস্তিকায় উল্লেখ করা হয়নি।

নিম্নোক্ত পরিষেবাগুলির বিষয়ে আরো জানতে 311এ ফোন করুন।

### নিরাপত্তা এবং কল্যাণসাধন

- পুলিশি সুরক্ষা ও আগুন থেকে নিরাপত্তা
- বিষক্রিয়া নিয়ন্ত্রণের হটলাইন
- Department of Consumer Affairs (গ্রাহক বিষয়ক বিভাগ)-এর মাধ্যমে জালিয়াতির বিরুদ্ধে গ্রাহকের নিরাপত্তা
- বৈষম্যের বিরুদ্ধে Commission on Human Rights (মানবাধিকার কমিশন) -এর নিরাপত্তা
- Department of Parks and Recreation (বাগান ও অবসরবিনোদন বিভাগ)এর দ্বারা প্রদত্ত পরিষেবা ও সুবিধা
- জন পরিবহন

### স্বাস্থ্য এবং মানবিক পরিষেবা

- স্টেটের Child Health Plus (চাইল্ড হেল্থ প্লাস প্রোগ্রাম) এর অধীন 19 বছরের কমবয়সী ছেলেমেয়েরা স্বাস্থ্য বিমা পাওয়ার যোগ্য
- Medicaid (মেডিকেড) প্রোগ্রামের অধীন প্রাপ্তবয়স্করা সঙ্কটকালীন অসুস্থতায় চিকিত্সার জন্য বিমা নিরাপত্তা পেতে পারেন
- অ্যাম্বুলেন্স পরিষেবা সমেত সঙ্কটকালীন চিকিত্সা শুশ্রূষা
- Medicaid প্রোগ্রামের মাধ্যমে গর্ভবতী মহিলাদের জন্য প্রসূতি-পূর্ব যত্ন শুশ্রূষা
- যেসব মহিলা প্রসূতি-পূর্ব যত্ন শুশ্রূষার জন্য Medicaid পাবেন তারা গর্ভাবস্থার শেষে Family Planning Extension Program (ফ্যামিলি প্ল্যানিং এক্সটেনশন প্রোগ্রাম) এর মাধ্যমে বিনামূল্যে পরিকল্পনা পরিষেবা পেতে পারেন
- সার্বজনীন হাসপাতালে (NYC-এর Health and Hospital Corporation (হেল্থ অ্যান্ড হসপিটাল কর্পোরেশন) বা HHC) এবং ফেডেরাল কোয়ালিফায়েড কমিউনিটি হেল্থ সেন্টার অর্থাত্ ইউ এস সরকার দ্বারা অনুমোদিত সামাজিক স্বাস্থ্য পরিষেবা কেন্দ্রগুলিতে স্বাস্থ্য পরিচর্যা পাওয়া যায়
- পারিবারিক হিংসা রোধ করার সহায়তা পরিষেবা
- টীকাকরণ
- HIV (এইচ আই ভি) পরীক্ষা ও পরামর্শ
- সঙ্কটকালীন আশ্রয়
- খাদ্য সহায়তা পরিষেবা
- শিশু কল্যাণ ওবং লালনপালন (ফস্টার কেয়ার) পরিষেবা
- স্কুলে ব্রেকফাস্ট ও লাঞ্চের প্রোগ্রাম
- Department for the Aging (বয়স্কদের) জন্য বয়স্ক কেন্দ্র প্রোগ্রাম এবং বরিষ্ঠ নাগরিকদের জন্য পরিষেবা

### শিক্ষা

- সার্বজনীন স্কুলে শিক্ষা
- সার্বজনীন লাইব্রেরি পরিষেবা ও বিশেষ অনুষ্ঠানসূচি

# HRA -এর পরিসেবার বিষয়ে প্রায়ই যেসব প্রশ্ন করা হয়

## সেসব প্রশ্নোত্তর অভিবাসী ক্লায়েন্টদের জানানো যায়

### আমি ভালোমত ইংরেজি বলতে না পারলে কিভাবে সিটির পরিষেবার জন্য আবেদন করব?

HRA সমেত সিটির সবকটি এজেন্সিতে বিনামূল্যে অনুবাদ পরিষেবা পাওয়া যায়। আপনি যদি ভালোমত ইংরেজি বলতে না পারেন তাহলেও ফেডেরাল, স্টেট অর্থাত্ রাজ্য ও রাষ্ট্রীয় ও স্থানীয় আইন আপনার পরিষেবা পাওয়ার অধিকারগুলি সুরক্ষিত রাখে। বিনামূল্যে যেসব ভাষা পরিষেবা পাওয়া যায়: (1) HRA সাইটগুলিতে 170টির বেশী ভাষায় ফোনে অনুবাদ পরিষেবা পাওয়া যায়। (2) যেখানে সম্ভব দোভাষী কর্মচারী অনুবাদ করে দিতে পারেন। (3) যেসব ক্লায়েন্ট বা মক্কেল বাড়ি থেকে বাইরে যেতে অক্ষম তাদের কাছে গিয়ে মুখোমুখি বসে সাহায্য করার জন্য অনুবাদক পাঠানো যায়। (4) অনুবাদিত দলিল: Local Law 73 (লোকাল ল ৭৩)-র আদেশমত সিটির বেশ কয়েকটি দলিল ছয়টি ভাষায় অনুবাদ করা হয় (আরবি, চীনা, হাইতিয়ান-ক্রেয়ল, কোরিয়ান, রুশ ও স্প্যানিশ ভাষা)

### অভিবাসন কর্তৃপক্ষের কাছে HRA আমার ব্যক্তিগত তথ্য জানিয়ে দেবে কি?

আইনত প্রয়োজন না হলে, HRA আপনার ব্যক্তিগত তথ্য কাউকে জানাবে না। যারা সিটির পরিষেবা পেতে চায় NYC Executive Order 41 (এনওয়াইসি এক্সেকিউটিভ অর্ডার ৪১) তাদের গোপনীয়তা সুরক্ষিত রাখে। আপনার পরিষেবা পাওয়ার যোগ্যতা বিচার করতে হলে বা আইনত প্রয়োজন হলে তবেই HRA কর্মচারীরা আপনার অভিবাসন পরিস্থিতি জানতে চাইবে।

### আমি যদি অস্থায়ী নগদ সাহায্য পাই তার ফলে আমার অভিবাসনের কেস* প্রভাবিত হবে কি?

U.S. Citizenship and Immigration Services (ইউ. এস. সিটিজেনশিপ অ্যান্ড ইমিগ্রেশন সার্ভিসেস) (USCIS) অনুসারে, নগদ সাহায্য বা SSI নিলে আপনার অভিবাসনের কেসে প্রতিকূল প্রভাব পড়তে পারে অথবা নাও পড়তে পারে। এটা আপনার পরিস্থিতির উপর নির্ভর করবে।

### আমি যদি ফুড স্ট্যাম্প (খাবারের ভাতা) নিই তার ফলে আমার অভিবাসনের কেস* প্রভাবিত হবে কি?

U.S. Citizenship and Immigration Services (USCIS) আইনানুসারে ফুড স্ট্যাম্প বা অন্য কোন খাদ্য সহায়তা পেলে আপনার অভিবাসন পরিস্থিতি প্রভাবিত হবে না।

### আমি যদি Medicaid নিই তার ফলে আমার অভিবাসনের কেস* প্রভাবিত হবে কি?

U.S. Citizenship and Immigration Services (USCIS) অনুসারে, Medicaid, সমেত স্বাস্থ্য পরিচর্যার সুবিধা নিলে আপনার অভিবাসনের কেস প্রভাবিত হবে না। USCIS অনুসারে, নার্সিং হোম বা অন্য কোন প্রতিষ্ঠান থেকে দীর্ঘকালীন সেবা শুশ্রূষা নিলে আপনার অভিবাসনের কেস প্রভাবিত হতে পারে অথবা নাও হতে পারে, এটা আপনার পরিস্থিতির উপর নির্ভর করবে।

### আপনি নিজে যদি দলিলভুক্ত না হন তাহলেও কি আপনার সুবিধা পাওয়ার যোগ্য, নাগরিক বা অ-নাগরিক, সন্তানদের জন্য সুবিধার আবেদন করতে পারবেন?

হ্যাঁ।

** সুবিধা অর্থাত্ বেনিফিট নিলে আপনার অভিবাসনের কেসে প্রভাব পড়বে কিনা তা যে সংস্থাটি নির্ণয় করে সেটা HRA না, সেটা নির্ণয় করে USCIS। সার্বজনীন সুবিধা অর্থাত্ পাব্লিক বেনিফিট নিলে কিভাবে অভিবাসনের কেসে প্রভাব পড়তে পারে তা বোঝার জন্য HRA -এর বিশেষ পরামর্শ এই যে অ-নাগরিকদের আইনজীবির সাথে কথা বলে নেওয়া উচিত্।*



## পারিবারিক হিংস্রতায় সাহায্য পরিষেবা

যারা পারিবারিক হিংস্রতার শিকার তাদের ও তাদের সন্তানদের সঙ্কটকালে আশ্রয় দেয় ও সাহায্য করে। সবকটি প্রোগ্রামে সুরক্ষিত পরিবেশ এবং সুপরামর্শ, প্রতিরক্ষা ও সুপারিশ পরিষেবা দেওয়া হয়।



### যোগ্যতার শর্ত

- যোগ্য হওয়ার জন্য কোন নাগরিকতা/অভিবাসন পরিস্থিতির প্রয়োজন নেই।
- আপনি বা আপনার পরিচিত কেউ পারিবারিক হিংসাত্য, যৌন নির্যাতন, হুমকি বা ভয় দেখানো, গালিগালাজের শিকার হলে বা আপনাকে কেউ লুকিয়ে অনুসরণ করে ভয় দেখালে, NYC -এর ২৪ ঘন্টার পারিবারিক হিংসা সম্পর্কে জানানোর হটলাইন 1-800-621-HOPE বা 311-এ ফোন করুন।

## প্রাপ্তবয়স্কদের সুরক্ষা পরিষেবা

যেসব শারীরিক ও/বা মানসিক প্রতিবন্ধীদের বিপন্ন হওয়ার আশঙ্কা থাকে তাদের জন্য পরিষেবা ও সাহায্যের ব্যবস্থা করে। যোগ্য ক্লায়েন্টদের যেসব বিপদের আশঙ্কা আছে সেসব দূর করায় সাহায্য করে ও স্ব স্ব বাড়িতে ও সমাজে স্বাধীনভাবে ও নিরাপদে বসবাস করতে সাহায্য করে।



- কয়েকটি পরিষেবার যোগ্য হওয়ার জন্য কোন নাগরিকতা/অভিবাসন পরিস্থিতির প্রয়োজন নেই।
- আপনার বয়স অন্ততপক্ষে 18 বছর হওয়া প্রয়োজন ও আপনার মানসিক ও/বা শারীরিক প্রতিবন্ধকতা থাকা দরকার।
- আপনার নিজের ব্যবহারযোগ্য সংস্থান সামলানোর অক্ষমতা, দৈনন্দিন কাজকর্ম করায় অক্ষমতা থাকা দরকার বা সাহায্য ছাড়া নির্যাতন, অবহেলা, উত্পীড়ন বা অন্য বিপজ্জনক পরিস্থিতিতে আত্মরক্ষার অক্ষমতা থাকা দরকার।
- আপনাকে স্বেচ্ছায় ও দায়িত্বশীলভাবে সাহায্য করতে পারেন এমন কেউ না থাকা দরকার।
- যোগ্যতার জন্য উপার্জনের কোন শর্ত নেই।
- APS (এ পি এস) -এর কাছে নিজের বা অন্যের সুপারিশ করার জন্য অনুগ্রহ করে APS Central Intake Unit (এ পি এস সেন্ট্রাল ইনটেক ইউনিটে)-এ 212-630-1853 -তে ফোন করুন।

## বাড়িতে পরিচর্যা

যোগ্য বয়স্ক বা প্রতিবন্ধী ব্যক্তিরা যাতে নার্সিং হোম বা অন্য প্রতিষ্ঠানের বদলে বাড়িতে নিরাপদে থাকতে পারেন সেজন্য তাদের সাহায্য করতে Medicaid এর-অনুদানপ্রাপ্ত দীর্ঘ-কালীন শুশ্রুষার কর্মসূচি দেয়।



### যোগ্যতার শর্ত

- যারা ইউ.এস নাগরিক বা যাদের বিশেষ কয়েকটি অভিবাসন পরিস্থিতি আছে তারা যোগ্য হতে পারেন।
- Medicaid পাওয়ার যোগ্য হতে হবে।
- আপনার কাছে যেসব সংস্থান আছে কয়েকটি প্রোগ্রাম তাও বিবেচনা করে দেখে।
- Medicaid এর-অনুদানপ্রাপ্ত বাড়িতে পরিচর্যার যোগ্যতার শর্তগুলি আলাদা, এটা প্রোগ্রামের উপর নির্ভর করে ও ডাক্তারের আদেশ, ও চিকিত্সাগত অবস্থা ও সামাজিক অবস্থা মূল্যায়নের ভিত্তিতে দেওয়া হয়।
- 311 বা HRA ইনফোলাইন 718-557-1399-এ ফোন করুন।
- আরো তথ্যের জন্য বা আবেদনের জন্য www.nyc.gov/ hra দেখুন।

## HIV/AIDS (এইচ আই ভি/এডস) পরিষেবা

HIV/AIDS Services Administration (HASA) (এইচ আই ভি/এডস সার্ভিসেস অ্যাডমিনিস্ট্রেশনের) ক্লায়েন্টরা কেসের একটানা ব্যবস্থাপনা ছাড়াও পাবেন বাড়িতে ও হাসপাতালে ভিজিট, একক পরিষেবা পরিকল্পনা, নগদ সহায়তার জন্য যোগাযোগের তথ্য, Medicaid, ফুড স্ট্যাম্প ও SSI/SSD সুবিধার আবেদন করায় সাহায্য, সঙ্কটকালীন, অন্তর্বর্তী সময়ে ও সঙ্কটকাল ছাড়া অন্যান্য সময়ে বাসস্থান ও বাড়ি ভাড়ায় সাহায্য, বাড়িতে পরিচর্যা ও গৃহস্থালির কাজে সাহায্য, চাকরি ও বৃত্তিগত পরিষেবা, সমাজ সম্প্রদায়-ভিত্তিক সংস্থাগুলির বিষয়ে তথ্য ও সুপারিশ, দৈনন্দিন জীবনযাপনের কৌশল ও উপস্থিত সহায়ক ব্যবস্থার বিষয়ে ক্লায়েন্ট ও তাদের পরিবারদের জন্য পরামর্শ, যেসব পরিবারের সন্তান আছে তাদের সন্তানদের অভিভাবকত্ব ও স্থায়িত্বের পরিকল্পনা, এবং মৃত্যুর পর কবর দেওয়ায় সাহায্য।

- কয়েকটা পরিষেবার জন্য কোন নাগরিকত্ব/ অভিবাসন পরিস্থিতির প্রয়োজন নেই।
- New York State AIDS Institute (নিউ ইয়র্ক স্টেট এডস ইন্সটিটিউট)এর বর্ণনামত আপনার নিদানিক উপসর্গমূলক HIV রোগ বা Centers for Disease Control and Prevention (সেন্টার ফর ডিজিজ কন্ট্রোল অ্যান্ড প্রিভেনসন) -এর বর্ণনামত এডস রোগ নির্ণয় হওয়া প্রয়োজন এবং HIV/AIDS রোগাক্রান্ত হওয়ার প্রমাণস্বরূপ চিকিত্সার দলিল পেশ করতে হবে।
- 212-971-0626 HASA Service Line -এ (HASA সার্ভিসলাইনে) ফোন করুন (সোমবার-শুক্রবার সকাল ৯টা-বিকাল ৫টা)।
- এই প্রোগ্রামের জন্য আবেদন করতে, অনুগ্রহ করে www.nyc.gov/hra দেখুন



**Human Resources Administration/Department of Social Services**
**(হিউম্যান রিসোর্সেরস অ্যাডমিনিস্ট্রেশন/ডিপার্টমেন্ট অফ সোশাল সার্ভিসেসে)**

# প্রোগ্রাম, পরিষেবা ও সুবিধাসমূহ

*দ্রষ্টব্য: "কয়েকটি অভিবাসন পরিস্থিতি"-তে নানা প্রকারের অভিবাসন পরিস্থিতি গণ্য হয়। যোগ্যতা যাচাই করার জন্য নিউ ইয়র্কবাসীদের পৃথক পৃথক প্রোগ্রামের জন্য প্রদত্ত নম্বরে যোগাযোগ করে নেওয়া উচিত।*

## অস্থায়ী নগদ সাহায্য

নগদ অনুদান, যা বাসস্থান, শক্তি (এনার্জি) খরচ, ও অন্যান্য খরচ বাবদ দেওয়া হয়। যেসব 60 বছরের কম বয়সী প্রাপ্তবয়স্কের অক্ষমতা নেই বা কাজ করায় অন্য কোন বাধা নেই ও যারা অস্থায়ী নগদ সাহায্য পাচ্ছেন, তাদের হয় প্রতি সপ্তাহে ৩৫ ঘন্টা HRA -অনুমোদিত কাজে নাম নথিভুক্ত করে নিতে হবে বা কর্মরত থাকতে হবে।

### যোগ্যতার শর্ত

- যারা ইউ.এস নাগরিক বা যাদের বিশেষ কয়েকটি অভিবাসন পরিস্থিতি আছে তারা যোগ্য হতে পারেন।
- এই যোগ্যতা আংশিকভাবে এগুলির উপর নির্ভর করে: আপনার উপার্জন, আপনার সম্পদ বা সংস্থান এবং আপনার সাথে যতজন বসবাস করছেন।
- অনেক কেসে, যেসব ক্লায়েন্ট অস্থায়ী নগদ সাহায্য পান তাদের হয় HRA -অনুমোদিত কাজে, যেমন চাকরির প্রশিক্ষণ ও শিক্ষায় নাম নথিভুক্ত থাকা বা কর্মরত থাকা প্রয়োজন। যোগ্য পরিবারগুলি শিশু প্রতিপালনের মত সহায়ক পরিষেবাও পেতে পারে।
- আপনার নিকটস্থ Job Center (জব সেন্টার)এর হদিশ পেতে: www.nyc.gov/hra
- 311 বা HRA ইনফোলাইন 718-557-1399এ ফোন করুন।

## ফুড স্ট্যাম্প/সাপ্লিমেন্টাল নিউট্রিশন অ্যাসিস্টেন্স প্রোগ্রাম

কর্মরত পরিবার, বয়স্ক, প্রতিবন্ধী সমেত নিম্ন ও মাঝারি আয় শ্রেণীর নিউ ইয়র্কবাসীদের স্বাস্থ্যবর্ধক ও পুষ্টিকর খাবার কিনতে সাহায্য করে, তারা যদি উপার্জন করেন, যদি তাদের নিজস্ব বাড়ি থাকে, গাড়ি থাকে, ব্যাঙ্ক অ্যাকাউন্ট থাকে বা বেসরকারি স্বাস্থ্য বিমা থাকে তাহলেও তারা এই সাহায্য পেতে পারেন। যারা ফুড স্ট্যাম্প পান তারা খাবার কেনার জন্য ইলেক্ট্রনিক বেনিফিট ট্রান্সফার (EBT) কার্ড ব্যবহার করেন।



- যারা ইউ.এস নাগরিক বা যাদের বিশেষ কয়েকটি অভিবাসন পরিস্থিতি আছে তারা যোগ্য হতে পারেন।
- এই যোগ্যতা আংশিকভাবে এগুলির উপর নির্ভর করে: আপনার উপার্জন, খরচ এবং আপনার সাথে যতজন বসবাস করছেন।
- আপনার যোগ্যতার সম্ভাবনা কতটা জেনে নিন ও অনলাইনে আবেদন করুন: www.nyc.gov/ACCESSNYC বা www.mybenefits.ny.gov
- এছাড়া আপনি নিজের ফুড স্ট্যাম্পের আবেদন ডাকযোগে এখানে পাঠাতে পারেন: মেল অ্যাপ্লিকেশন অ্যান্ড রেফারাল ইউনিট, পোস্ট বাক্স ২৪৫১০, ব্রুকলীন, নিউ ইয়র্ক ১১২০১ [Mail Application & Referral Unit (MARU), P.O. Box 24510, Brooklyn, NY 11201].
- ফুড স্ট্যাম্পের বিষয়ে আরো তথ্যের জন্য, 311 বা 1-800-342-3009 এ ফোন করুন (এবং ফুড স্ট্যাম্পের জন্য "1" টিপে দিন)।
- অনলাইনে আবেদন ডাউনলোড করুন: www.nyc.gov/hra

## এমার্জেন্সি ফুড প্রোগ্রাম (ভাঁড়ার ঘর)

NYC -তে 500টির বেশী ফুড প্যান্ট্রি অর্থাত্ ভাঁড়ার ব্যাগভরা খাবার দেয় ও স্যুপ কিচেন রান্না করা খাবার দেয়।

### যোগ্যতার শর্ত

- যোগ্য হওয়ার জন্য কোন নাগরিকতা/অভিবাসন পরিস্থিতির প্রয়োজন নেই।
- ফুড প্যান্ট্রির নিজস্ব কিছু শর্ত থাকতে পারে।
- আপনার এলাকায় ফুড প্যান্ট্রি বা স্যুপ কিচেনের সন্ধান পেতে, অনুগ্রহ করে 311-এ ফোন করুন।

## সার্বজনীন স্বাস্থ্য বিমা প্রোগ্রাম

নিম্ন ও মাঝারি আয় শ্রেণীর একক ব্যক্তি ও পরিবার, গর্ভবতী মহিলা, ছোট ছেলেমেয়ে, 65 বছরের বেশী বয়সী মানুষ এবং যারা প্রতিবন্ধী তারা এর যোগ্য হতে পারে, তারা যদি উপার্জন করেন, যদি তাদের নিজস্ব বাড়ি থাকে, গাড়ি থাকে, ব্যাঙ্ক অ্যাকাউন্ট থাকে বা বেসরকারি স্বাস্থ্য বিমা থাকে তাহলেও তারা এই সাহায্য পেতে পারেন। যেসব ব্যক্তি ও পরিবার SSI পাচ্ছেন তারা স্বয়ংক্রিয়ভাবে যোগ্য হয়ে যাবেন। যারা নগদ সাহায্য পাচ্ছেন তারাও যোগ্য গণ্য হবেন।

- সার্বজনীন স্বাস্থ্য বিমার জন্য কিভাবে আবেদন করতে হয় তা জানতে 311 বা HRA ইনফোলাইন 718-557-1399এ ফোন করুন বা যোগ্যতার সম্ভাবনা যাচাই করতে www.nyc.gov/ACCESSNYC দেখুন

**Medicaid ।** যে কোন বয়সের মানুষের জন্য বিনামূল্যে স্বাস্থ্য বিমা।

- যারা ইউ.এস নাগরিক বা যাদের বিশেষ কয়েকটি অভিবাসন পরিস্থিতি আছে তারা যোগ্য হতে পারেন।
- একা প্রাপ্তবয়স্ক, দম্পতি, সন্তানসহ পরিবার, ছোট ছেলেমেয়ে এর যোগ্য হতে পারে।
- যারা প্রতিবন্ধী, যাদের বয়স ৬৫ বছরের বেশী বা অন্ধ তাদের উপার্জন ও সম্পদের ভিত্তিতে যোগ্যতা বিচার করা হয়।

** সঙ্কটকালীন অসুস্থতায় ও প্রসূতি-পূর্ব শুশ্রূষায় চিকিত্সার জন্য দলিলভুক্ত না এমন আবেদক Medicaid পাওয়ার যোগ্য বিবেচিত হতে পারেন।*

**Family Health Plus (FHPlus). (ফ্যামিলি হেল্থ প্লাস)** 19-64 বছর বয়সী যাদের স্বাস্থ্য বিমা নেই ও উপার্জন অতিরিক্ত বেশী বলে Medicaid-এর অযোগ্য , তাদের জন্য বিনামূল্যে স্বাস্থ্য বিমা।

**Child Health Plus (চাইল্ড হেল্থ প্লাস)।** 19 বছরের কম বয়সী ছেলেমেয়েদের জন্য বিনা মূল্যে বা কম দামের বিমা।

- যোগ্য হওয়ার জন্য কোন নাগরিকতা/অভিবাসন পরিস্থিতির প্রয়োজন নেই।
- 19 বছরের কমবয়সী ছেলেমেয়ে।
- পরিবারের উপার্জন অনুসারে, কয়েকটি পরিবার বিনামূল্যে Child Health Plus (চাইল্ড হেল্থ প্লাস) পায় ও অন্যদের প্রতি মাসে সামান্য প্রিমিয়াম দিতে হয়। যেসব পরিবারের উপার্জন অপেক্ষাকৃত বেশী তারাও সম্পূর্ণ প্রিমিয়াম দরে নিজেদের সন্তানদের জন্য স্বাস্থ্য সুরক্ষা কিনে নিতে পারে।





### যোগ্যতার শর্ত

**Medicaid এর মাধ্যমে গর্ভবতী মহিলাদের জন্য প্রসূতি- পূর্ব শুশ্রূষা।** যে কোন বয়সের ব্যক্তির জন্য বিনামূল্যে স্বাস্থ্য বিমা। মহিলা ও কিশোরীদের জন্য গর্ভাবস্থায় বিনামূল্যে যত্ন শুশ্রূষা ও অন্যান্য স্বাস্থ্য পরিষেবা দেওয়া হয়। এই প্রসূতি-পূর্ব অর্থাত্ প্রিনেটাল কেয়ার সার্ভিসেসে গর্ভবতী মহিলারা ল্যাব টেস্ট (গবেষণাগারে পরীক্ষা), HIV টেস্ট, খাদ্যপুষ্টির স্ক্রিনিং, ও গর্ভাবস্থা ও প্রসব সম্পর্কিত অন্যান্য পরিষেবার মত প্রসূতি-পূর্ব স্বাস্থ্য পরিষেবা পান।

- যোগ্য হওয়ার জন্য কোন নাগরিকতা/অভিবাসন পরিস্থিতির প্রয়োজন নেই।
- যোগ্যতা উপার্জননির্ভর হবে।

**Family Planning Benefit Program (ফ্যামিলি প্ল্যানিং বেনিফিট প্রোগ্রাম)।** সন্তানধারণের বয়সী নারী পুরুষদের জন্য বিনামূল্যে স্বাস্থ্য বিমা। নারী পুরুষদের বিনামূল্যে পরিবার পরিকল্পনা পরিষেবা দেওয়া হয়। FPBP -তে যৌন-সংক্রমিত রোগ, HIV ও সার্ভাইকাল ক্যান্সারের সম্ভাবনা যাচাই করা, সম্পর্কিত ক্লিনিকাল পরীক্ষা ও ল্যাব টেস্ট, গর্ভরোধক পদ্ধতির ব্যবস্থা, যন্ত্রাদি ও প্রজনন স্বাস্থ্য সংক্রান্ত সামগ্রী থাকে।

- যারা ইউ.এস নাগরিক বা যাদের বিশেষ কয়েকটি অভিবাসন পরিস্থিতি আছে তারা যোগ্য হতে পারেন।
- এই যোগ্যতা উপার্জননির্ভর।

## Medicare Savings Program (MSP) (মেডিকেয়ার সেভিংস প্রোগ্রাম

যারা (বয়স বা অক্ষমতার জন্য) Medicare পাচ্ছেন তাদের Medicare -এর মাসিক প্রিমিয়ামের খরচ বহন করে, আংশিক খরচ বহন করে ও/বা আপনার পকেট-থেকে-খরচের অর্থ পরিশোধ করে সাহায্য করে।

- যারা ইউ.এস নাগরিক বা যাদের বিশেষ কয়েকটি অভিবাসন পরিস্থিতি আছে তারা যোগ্য হতে পারেন।
- আবেদককে Medicare পেতে হবে বা তা পাওয়ার যোগ্য হতে হবে।
- এই যোগ্যতা উপার্জনভিত্তিক।
- কিভাবে আবেদন করতে হয় জানতে 311 বা HRA ইনফোলাইন 718-557-1399এ ফোন করুন বা যোগ্যতা যাচাই করতে দেখুন www.nyc.gov/ACCESSNYC

